107654 - কোকাকোলা পান করার হুকুম

প্রশ্ন

প্রশ্ন:
আমার বান্ধবী আমাকে বলল যে, কোকাকোলা পান করা হারাম। কারণ আমরা যদি আয়নার ভিতরে কোকাকোলার বোতলের প্রতিবিম্বের দিকে তাকাই তখন দেখতে পাই যে, লেখা আছে- লা ইলাহা (কোন উপাস্য নেই), লা মুহাম্মদ (মুহাম্মদ নেই)। সে আমাকে আরও বলল যে, যে ব্যক্তি এটা পান করে সে মুসলিম নয়। অনুগ্রহপূর্বক বিষয়টি পরিস্কার করবেন।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য।

কোমল-পানীয় কোকাকোলা সম্পর্কে যে কথাগুলো বলা হয়ে থাকে যে, এর বোতলের উপরে লেখা আছে, লা আল্লাহ (আল্লাহ নেই), লা মুহাম্মদ (মুহাম্মদ নেই) অথবা লা মুহাম্মদ (মুহাম্মদ নেই) লা মক্কা (মক্কা নেই); আয়না ভিতরে তাকালে এটি দেখা যায়- এ কথা সঠিক নয় এবং এর ভিত্তিতে কোন শরয়ি বিধান আরোপিত হয় না।

আমাদের উচিত এ ধরনের জোড়াতালি নির্ভর কল্পিত ধ্যান-ধারনা থেকে দূরে থাকা; যার কোন ভিত্তি নেই। যে কোন পানীয়ের মধ্যে যদি ক্ষতিকর কোন উপাদান থাকা সাব্যস্ত হয় তাহলে এটি পান করা হারাম। আর যদি এমন কিছু সাব্যস্ত না হয়- তাহলে যে কোন পানীয় পান করা হালাল। কল্পনা ও ধারণানির্ভর কোন তথ্যের কারণে কোন পানীয় হারাম হবে না।

কিন্তু উৎপাদনকারী কোম্পানী যদি ইসলামের সাথে শত্রুতা করে এবং ইসলামের শত্রুদেরকে সাহায্য করে তাহলে ইসলামের শত্রুতার কারণে সে কোম্পানীর পণ্য বর্জন করা উচিত।

আল্লাহই ভাল জানেন।

আল্লাহই সবচেয়ে ভাল জানেন।